

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 24-10-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

NHM :

‘মুখ্যমন্ত্রী সুস্থ শিশু সুস্থ কৈশোর অভিযানের’ অষ্টম পর্যায় রাজ্যে আজ থেকে শুরু হচ্ছে। এই কর্মসূচির রাজ্যভিত্তিক অনুষ্ঠানটি হবে খোয়াই জেলায় তেলিয়ামুড়া টাউন হলো। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ এই কর্মসূচির সূচনা করবেন। উল্লেখ্য, এই অভিযান চলবে আগামী মাসের নয় তারিখ পর্যন্ত।

Rastriya Ekta Divas parade by TSR:

ত্রিপুরা স্টেট রাইফেলস, গুজরাটের কেভাদিয়ায় আয়োজিত রাষ্ট্রীয় একতা দিবসের প্যারেডে অংশ নিচ্ছে। রাজ্য পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব জানিয়েছেন, দুইজন মহিলা টিপিএস অফিসারের নেতৃত্বে ২০০ জন টিএসআর জওয়ান ইতিমধ্যেই গুজরাট পৌঁছে অনুশীলন শুরু করে দিয়েছেন। এ বছর, মহিলা আধিকারিকদের নেতৃত্বে দেশের বিভিন্ন রাজ্যের বাহিনী এই প্যারেডে অংশ নিচ্ছেন। উল্লেখ্য, সর্দার ভল্লবভাই পাটেলের জন্ম শতবার্ষিকী উপলক্ষে কেভাদিয়ায় আয়োজিত অনুষ্ঠানে দেশের নিরপত্তা বাহিনীগুলি অংশ নেবে।

BSF IG meets Chief Minister :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সীমান্ত এলাকায় শান্তি, নিরাপত্তা এবং উন্নয়ন বজায় রাখার জন্য বিএসএফ এবং রাজ্য সরকারের মধ্যে নিবিড় সম্পর্ক

অটুট রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন। বিএসএফ -এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের মহাপরিদর্শক অলক কুমার চক্ৰবৰ্তী গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে রাজ্যে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে বিদ্যমান নিরাপত্তা এবং পরিচালনাগত পরিস্থিতি সম্পর্কে তাঁকে অবহিত করেন। সীমান্ত ব্যবস্থাপনার বিভিন্ন দিক নিয়েও তাদের মধ্যে আলোচনা হয়েছে।

PRESIDENT:

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন, শ্রী নারায়ণ গুরুর শিক্ষা ধর্ম, বর্ণ এবং ধর্মের সীমানা অতিক্রম করেছে। রাষ্ট্রপতি গতকাল ভারকালার শিবগিরি মঠে কেরালার আধ্যাত্মিক গুরু ও সমাজ সংস্কারক শ্রী নারায়ণ গুরুর মহাসমাধি শতবর্ষ উদযাপনের উদ্বোধন করেন। রাষ্ট্রপতি বলেন, শ্রী নারায়ণ গুরু নিপীড়িতদের মধ্যে সাক্ষরতা, স্বনির্ভরতা এবং নৈতিক মূল্যবোধের প্রচার করেছিলেন।

Appointment Letter :

রোজগার মেলার ১৭তম পর্ব আজ অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা দেশে ৪৩টি স্থানে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। এছাড়া, কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান চেন্নাইয়ে নিয়োগপত্র বিতরণ করবেন, আয়ুষ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব মাদুরাইতে অফার লেটার বিতরণ করবেন এবং অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী তিরুচিরাপল্লীতে নিয়োগ পত্র বিতরণ করবেন।

Poshan Mash:

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর, পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্দেশ্যাগে অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাস ২০২৫ উদয়াপন উপলক্ষ্যে গত বুধবার জিরানিয়ার গুরুকুল কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সচেতনতামূলক আলোচনাচক্র ও স্বসহায়ক দলের প্রদর্শনীর আয়োজন করা হয়। এছাড়া, প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় মায়েদের হাতে সহায়ক অর্থরাশির চেক এবং গর্ভবতী মহিলাদের পোষণ কিট প্রদান করা হয়। উপস্থিতি ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ

PM:

দেশ দ্রুত উন্নয়নের সাক্ষী হচ্ছে এবং বিহার এই যাত্রায় কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলেছে। প্রধানমন্ত্রী এবং বিজেপির বরিষ্ঠ নেতা নরেন্দ্র মোদী গতকাল সন্ধ্যায় 'মেরা বুথ সবসে মজবুত' কর্মসূচির আওতায় বিজেপি-এনডিএ কর্মীদের সাথে ভার্চুয়ালি মতবিনিময়কালে একথা বলেন। তিনি বলেন, যখন স্থিতিশীলতা থাকে, তখন উন্নয়ন স্থরান্বিত হয়।

প্রধানমন্ত্রী বলেন, দেশ নকশালবাদ থেকে মুক্তির দিকে দ্রুত এগিয়ে চলেছে। শ্রী মোদী আরও বলেন, প্রতিটি জেলায় স্টার্টআপগুলিকে উৎসাহিত করার প্রয়োজন রয়েছে।

Bomb blast in rail track :

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের আলিপুরদুয়ার বিভাগের কোকরাখাড় এবং সালকাটি স্টেশনের মধ্যে রেলপথে গতকাল এক বিস্ফোরণ হয়। এতে ট্রেন চলাচল ব্যাহত হয়। একটি পণ্যবাহী ট্রেন ওই পথ দিয়ে যাওয়ার সময় বিস্ফোরক ডিভাইসের কারণে বিস্ফোরণটি ঘটে। আসামের রাজ্য পুলিশ,

রেলওয়ে পুরক্ষা বাহিনী এবং গোয়েন্দা কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করছে। রেল ট্র্যাকটি সম্পূর্ণভাবে মেরামত করা হয়েছে, তারপরে স্বাভাবিক ট্রেন চলাচল আবার শুরু হয়েছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে অক্টোবর, রবিবার আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সরাসরি সম্প্রচারিত হবে।

Weather:

আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।
